# রাজশাহী সিটি কর্পোরেশন

## রাজশাহী

erajshahi.portal.gov.bd

**রাজশাহী সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ এর ধারা ২৫(ক)(২) মোতাবেক সরকার কর্তৃক** গঠিত কমিটির ১ম সভার কার্যবিবরণী:

**সভার তারিখ: ৬ অক্টোবর, ২০২৪**
**সময় : দুপুর ১২:০০ ঘটিকা**
**স্থান : সিটি হল সভাকক্ষ**

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ "ক"

সভার শুরুতে সভাপতি সরকার কর্তৃক কর্পোরেশনের সার্বিক কার্যক্রম পরিচালনা জন্য গঠিত কমিটির সদস্য হিসেবে আমন্ত্রিত কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানান। মহান মুক্তিযুদ্ধের সকল শহীদ এবং ছাত্র জনতার গণ আন্দোলনে ৫ আগস্ট ২০২৪ এর গণঅভ্যূত্থান সংঘটনে আত্মদানকারী সকল শহীদগণের স্মরণে নিজ নিজ আসনে দাঁড়িয়ে ১ মিনিট নিরবতা পালন করা হয়। অত:পর এজেন্ডাভিত্তিক সভার কার্যক্রম পরিচালনার জন্য সভাপতি আহবান জানান। সভাপতির আহবানে সদস্য-সচিব প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন সভায় আলোচনা ও সিদ্ধান্তের এজেন্ডাভিত্তিক উপস্থাপন করেন।

**আলোচ্যসূচি-১ ঃ রাজশাহী সিটি কর্পোরেশন পরিচালনার জন্য গঠিত কমিটির সদস্যগণ দ্বারা কাউন্সিলরের দায়িত্ব পালন এবং ওয়ার্ড বন্টন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত।**

**আলোচনা ঃ** আলোচনায় প্রকাশ পায় যে, সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনায় ওয়ার্ড কার্যালয়সমূহের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে গঠিত কমিটির সদস্যগণ দ্বারা কাউন্সিলরের ওয়ার্ড বন্টনসহ দায়িত্ব পালন বিষয়ে একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত ঃ** রাজশাহী সিটি কর্পোরেশন পরিচালনার জন্য গঠিত কমিটির সদস্যগণ যে যে ওয়ার্ডের দায়িত্ব পালন করবেন, সে সংক্রান্ত প্রস্তাব ও সিদ্ধান্ত নিম্নরূপভাবে গৃহিত হয়।

| ক্র নং | গঠিত কমিটির সদস্যগণের নাম | গঠিত কমিটির পদবি | দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ডসমূহের বিবরণ |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী | সদস্য | ৭ ও ৯ |
| ২. | উপব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিস্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা), রাজশাহী | সদস্য | ১৫ |
| ৩. | প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী | সদস্য | ১৭ ও ১৮ |
| ৪. | উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। | সদস্য | ২১ ও ২৭ |
| ৫. | মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলি কমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল), রাজশাহী। | সদস্য | ১২ ও ২২ |
| ৬. | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, রাজশাহী | সদস্য | ২৩ ও ২৪ |
| ৭. | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, রাজশাহী | সদস্য | ৫ ও ৬ |
| ৮. | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী | সদস্য | ২ ও ৩ |
| ৯. | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী | সদস্য | ৩০ |
| ১০. | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, রাজশাহী | সদস্য | ১১ |

| ক্র নং | গঠিত কমিটির সদস্যগণের নাম | গঠিত কমিটির পদবি | দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ডসমূহের বিবরণ |
|---|---|---|---|
| ১১. | পরিচালক, স্বাস্থ্য, রাজশাহী বিভাগ, রাজশাহী। | সদস্য | ৮ ও ১০ |
| ১২. | নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী | সদস্য | ১৪ ও ১৬ |
| ১৩. | সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, রাজশাহী | সদস্য | ২৫ ও ২৮ |
| ১৪. | উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী | সদস্য | ২৬ |
| ১৫. | সহকারী বন সংরক্ষক, সামাজিক বন বিভাগ, রাজশাহী। | সদস্য | ১৯ |
| ১৬. | উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী | সদস্য | ১ ও ৪ |
| ১৭. | উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী | সদস্য | ২৯ |
| ১৮. | প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী | সদস্য-সচিব | ১৩ ও ২০ |

কমিটির কার্যপরিধি ঃ

(১) কমিটির সদস্যবৃন্দের স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যদেশ, ২০২৪' অনুযায়ী সিটি কর্পোরেশনের প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান করবেন;

(২) স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যদেশ, ২০২৪' এর ধারা ২৫(ক) এর উপধারা (৩) অনুযায়ী নিযুক্ত কমিটির সদস্যবৃন্দের কাউন্সিলরের দায়িত্ব পালন করবেন; এবং

(৩) কমিটি সদস্যবৃন্দ বিধি মোতাবেক সম্মানী ভাতা প্রাপ্য হবেন। তবে সম্মানী ভাতা ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকার অধিক হবে না। অন্য কোন আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

**আলোচ্যসূচি-২ ঃ রাজশাহী সিটি কর্পোরেশন আইন ২০০৯ এর ৫০(১) ধারার আলোকে ১৪ (চৌদ্দ)টি স্থায়ী কমিটি গঠনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।**

**আলোচনা ঃ** আলোচনান্তে সভায় রাজশাহী সিটি কর্পোরেশন আইন ২০০৯ এর ৫০(১) ধারার আলোকে ১৪ (চৌদ্দ)টি স্থায়ী কমিটি গঠনের বিষয়ে সর্বসম্মতভাবে প্রস্তাব গৃহীত হয়।

(১) <u>অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি</u> :-

(ক) প্রশাসক, রাজশাহী সিটি কর্পোরেশন .................................... আহবায়ক

(খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, রাজশাহী .............................. সদস্য

(গ) সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী ........................ সদস্য

(ঘ) বাজেট কাম-হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন .........সদস্য-সচিব

(২) <u>নগর অবকাঠামো নির্মান ও সংরক্ষণ স্থায়ী কমিটি</u> :-

(ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, রাজশাহী .............................. আহবায়ক

(খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, রাজশাহী ................ সদস্য

(গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী .............. সদস্য

(ঘ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(ভারপ্রাপ্ত), রাজশাহী সিটি কর্পোরেশন ..... সদস্য-সচিব

(৩) <u>পানি ও বিদ্যুৎ স্থায়ী কমিটি</u> :-

(ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, রাজশাহী .......... আহবায়ক

(খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী ........... সদস্য

(গ) সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, রাজশাহী ........... সদস্য

(ঘ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(ভারপ্রাপ্ত), রাজশাহী সিটি কর্পোরেশন ..... সদস্য-সচিব

(৪) <u>নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটি</u> :-

(ক) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ,রাজশাহী ..... আহবায়ক

(খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, রাজশাহী .......... সদস্য

(গ) নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী .......... সদস্য
(ঘ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(ভারপ্রাপ্ত), রাজশাহী সিটি কর্পোরেশন.......... সদস্য-সচিব

(৫) <u>শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্য রক্ষা ব্যবস্থা উপ-কমিটি</u> :-

(ক) পরিচালক, স্বাস্থ্য, রাজশাহী বিভাগ, রাজশাহী।..... আহবায়ক
(খ) উপপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, রাজশাহী। ..... সদস্য
(গ) উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী ..... সদস্য
(ঘ) প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন .......... সদস্য-সচিব

**(৬) <u>বজ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি</u> :-**

(ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী ........... আহবায়ক
(খ) উপপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, রাজশাহী।..... সদস্য
(গ) সহকারী বন সংরক্ষক, সামাজিক বন বিভাগ, রাজশাহী ....................... সদস্য
(ঘ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন .......... সদস্য-সচিব

(৭) <u>হিসাব নিরীক্ষা ও রক্ষণ স্থায়ী কমিটি ঃ</u>
(ক) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী ........... আহবায়ক
(খ) মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলি কমিউনিকেশন্স কোম্পানি.............. সদস্য
লিমিটেড (বিটিসিএল), রাজশাহী
(গ) সহকারী বন সংরক্ষক, সামাজিক বন বিভাগ, রাজশাহী ....................... সদস্য
(ঘ) বাজেট কাম-হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন .......... সদস্য-সচিব

(৮) **<u>সমাজ কল্যাণ ও কমিউনিটি সেন্টার স্থায়ী কমিটি ঃ</u>**
(ক) নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী........... আহবায়ক
(খ) উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী .............. সদস্য
(গ) উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী........ সদস্য
(ঘ) গবেষনা কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন .......... সদস্য-সচিব

(৯) **<u>পরিবেশ উন্নয়ন স্থায়ী কমিটি ঃ</u>**
(ক) সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী........... আহবায়ক
(খ) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী ....................... সদস্য
(গ) সহকারী বন সংরক্ষক, সামাজিক বন বিভাগ, রাজশাহী ....................... সদস্য
(ঘ) সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন .......... সদস্য-সচিব

(১০) **<u>ক্রীড়া ও সংস্কৃতি স্থায়ী কমিটি ঃ</u>**
(ক) মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলি কমিউনিকেশন্স ....................... আহবায়ক
কোম্পানি লিমিটেড (বিটিসিএল), রাজশাহী।
(খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী ....... সদস্য
(গ) সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, রাজশাহী ...... সদস্য
(ঘ) উপপ্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন .......... সদস্য-সচিব

**(১১) জন্ম-মৃত্যু নিবন্ধন ব্যবস্থাপনা স্থায়ী কমিটি ঃ**
(ক) উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী ......... আহবায়ক
(খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, রাজশাহী ....... সদস্য
(গ) উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী .......... সদস্য
(ঘ) ভেটেরিনারি সার্জন, রাজশাহী সিটি কর্পোরেশন .......... সদস্য-সচিব

**(১২) যোগাযোগ স্থায়ী কমিটি ঃ**
(ক) উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী .......... আহবায়ক
(খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী....... সদস্য
(গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী ........... সদস্য
(ঘ) নির্বাহী প্রকৌশলী (পরিকল্পনা), রাজশাহী সিটি কর্পোরেশন .......... সদস্য-সচিব

**(১৩) বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ স্থায়ী কমিটি ঃ**
(ক) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী......... আহবায়ক
(খ) উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী ....... সদস্য
(গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, রাজশাহী ........... সদস্য
(ঘ) প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন .......... সদস্য-সচিব

**(১৪) দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী কমিটি ঃ**
(ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী......... আহবায়ক
(খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, রাজশাহী ....... সদস্য
(গ) সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, রাজশাহী........... সদস্য
(ঘ) নির্বাহী ম্যাজিস্ট্রেট, রাজশাহী সিটি কর্পোরেশন .......... সদস্য-সচিব

**সিদ্ধান্ত ঃ** সভায় বিস্তারিত আলোচনান্তে, রাজশাহী সিটি কর্পোরেশন আইন ২০০৯ এর ৫০(১) ধারার আলোকে উপরোক্ত ১৪ (চৌদ্দ)টি স্থায়ী কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচি-৩ঃ পঞ্চবার্ষিকী এ্যাসেসমেন্টে সরকারি হোল্ডিং এর কর নির্ধারণে অনুমোদন প্রসঙ্গে।**
**আলোচনা ঃ** সভাপতির অনুমতিক্রমে প্রধান রাজস্ব কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, রাজশাহী সিটি কর্পোরেশনের পঞ্চবার্ষিকী এ্যাসেসমেন্টে সরকারি হোল্ডিং এর কর নির্ধারণে অনুমোদন প্রস্তাব 'ক': পঞ্চবার্ষিক এ্যাসেসমেন্ট (সরকারী) ২০২৪-২০২৫ মোট হোল্ডিং সংখ্যা ৩৩৬ টি পূর্বের ভাড়ার রেইট প্রতি বর্গফুট পাকা ১০.০০(দশ) টাকা ও আধাপাকা ৫.০০(পাঁচ) টাকা অপরিবর্তিত রেখে প্রসাশনিক অনুমোদনের ভিত্তিতে বার্ষিক মূল্যায়ন ১০৪,৬২,৩৫,৯৭৫.০০ (একশত চার কোটি বাষট্টি লক্ষ পঁয়ত্রিশ হাজার নয়শত পঁচাত্তর) টাকা এবং বার্ষিক মূল্যয়নের ২৭% বার্ষিক কর ২৮,২৪,৮৩,৭১৩.০০ (আঠাশ কোটি চব্বিশ লক্ষ তেরাশি হাজার সাতশত তের) টাকা। যা ভূতাপেক্ষ অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।

প্রস্তাব 'খ': পঞ্চবার্ষিক এ্যাসেসমেন্ট (বে-সরকারী) ২০২৪-২০২৫ ইতি মধ্যে সম্পন্ন হয়েছে। পঞ্চবার্ষক এ্যাসেসমেন্টে মোট হোল্ডিং সংখ্যা প্রায় ৮৩০০০ টি। যার মধ্যে পাকা নিজ আবাসিক ৬৫৮২৯১৩০ বর্গফুট, পাকা আবাসিক ভাড়া ৪০৫৯২২৫৬ বর্গফুট, পাকা নিজ বাণিজ্যিক ২৭৮৫১৬৯ বর্গফুট, পাকা ভাড়া বাণিজ্যিক ১৫৪০৯৯৫০ বর্গফুট, আধাপাকা নিজ আবাসিক ১৭২৫৯০৮৫ বর্গফুট, আধাপাকা আবাসিক ভাড়া ২২৪৩৫২৫ বর্গফুট, আধাপাকা নিজ বাণিজ্যিক ৮৮৫৮৭৪ বর্গফুট, আধাপাকা ভাড়া বাণিজ্যিক ২০৬৬৭৯৪ বর্গফুট। বর্তমানে ভাড়ার রেইট পাকা আবাসিক প্রতি বর্গফুট ১.২০ টাকা, পাকা বাণিজ্যিক ৩.০০ টাকা, আধাপাকা আবাসিক .৬০ টাকা ও আধাপাকা বাণিজ্যিক ১.০০ টাকা নির্ধারিত রয়েছে। সর্বশেষ ২০১৫-২০১৬ অর্থ বছরে পঞ্চবর্ষিক এ্যাসেসমেন্ট সম্পন্ন হয়েছে। ট্যাক্সেশন রুলস ১৯৮৬ এর ২১ ধারা মোতাবেক প্রতি ৫ বছর পর পর পঞ্চবার্ষিক এ্যাসেসমেন্ট করার বিধান রয়েছে। সেই অনুযায় ২০২০ সালে পঞ্চবাষিক এ্যাসেসমেন্ট হওয়ার কথা থাকলেও করোনা মহামারীর কারণে তা সম্ভব হয় নাই। এর পর ২০২১ ও ২০২২ সালে করোনা পরবর্তী পরিস্থিতি ও বৈশ্বিক অস্থিরতার এবং ২০২৩ সালে নির্বাচনের কারনে কর্পোরেশন পঞ্চবর্ষিক এ্যাসেসমেন্ট করতে পারে নাই। ২০২৩-২০২৪ অর্থ বছরে সিটি কর্পোরেশন পঞ্চবর্ষিক এ্যাসেসমেন্ট জরিপ কাজ সম্পন্ন করেছে। এমতাবস্তায় পঞ্চবার্ষিক এ্যাসেসমেন্ট ২০২৪-২৫ এর ভাড়ার রেইট নির্ধারণ করা প্রয়োজন। সেই লক্ষ্যে পঞ্চবার্ষিক এ্যাসেসমেন্ট ২০২৪-২৫ এর ভাড়ার রেইট নির্ধারণের জন্য কমিটি গঠন করা যেতে পারে।

পঞ্চবার্ষিক এ্যাসেসমেন্ট (সরকারী) ২০২৪-২০২৫'র তথ্য:
ভাড়ার রেইট:

| পাকা (প্রতি বর্গফুট) | আধাপাকা (প্রতি বর্গফুট) |
|---|---|
| ১০.০০ টাকা | ৫.০০ টাকা |

হোল্ডিং সংক্রান্ত তথ্য:

| মোট হোল্ডিং সংখ্যা | বার্ষিক মূল্যায়ন (টাকায়) | বাৎসরিক কর (টাকায়) |
|---|---|---|
| ৩৩৬ টি | ১০৪,৬২,৩৫,৯৭৫.০০ | ২৮,২৪,৮৩,৭১৩.০০ |

এছাড়া বেসরকারি হোল্ডিংসমূহের কর নির্ধারণের জন্য **১**(এক)টি ভাড়া নির্ধারণ কমিটি গঠনের প্রয়োজনীয়তা দেখা দেয়ায় নিম্নবর্ণিতভাবে কমিটি গঠনের বিষয়ে একমত পোষণ করা হয়। কমিটির রুপরেখা নিম্নরূপ :

(ক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, রাজশাহী ................... আহবায়ক
(খ) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী ....... সদস্য
(গ) নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী .......... সদস্য
(ঘ) হিসাবরক্ষণ কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন .......... সদস্য
(ঙ) প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন .......... সদস্য-সচিব

গঠিত কমিটি আগামী **১৫** (পনের) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন প্রস্তুতপূর্বক প্রধান রাজস্ব কর্মকর্তা পরবর্তী সভায় উপস্থাপন করবেন।

**সিদ্ধান্ত- ক** ঃ সরকারি হোল্ডিং কর নির্ধারণে ২০২৪-২০২৫ অর্থ বছরে বাস্তবায়নসহ কার্যকরের জন্য স্থানীয় সরকার বিভাগকে অবহিত করণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত- খ** ঃ বেসরকারি হোল্ডিং কর নির্ধারণে ২০২৫-২০২৬ অর্থ বছরে বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগকে অবহিত করণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়নে- প্রধান রাজস্ব কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন।**

**আলোচ্যসূচি-৪ ঃ বিবিধ ।**

(ক) ৩০ টি ওয়ার্ড কার্যালয় পরিচালনা সংক্রান্ত।

**আলোচনা** ঃ সভায় সভাপতি মহোদয় বলেন বর্তমানে রাজশাহী সিটি কর্পোরেশনে যে সমস্ত স্থায়ী ও দৈনিক মজুরি ভিত্তিক কর্মচারীদের দ্বারা এ নগর ভবন নাশকতায় আক্রান্ত হয়ে পুঁড়ে গেছে তাদের ভিডিও ফুটেজ ও আইন শৃঙ্খলা বাহিনীর প্রতিবেদন সাপেক্ষে স্থায়ী কর্মচারীগণের বিরুদ্ধে চাকরি বিধি-১৯৯৮ মোতাবেক ব্যবস্থা গ্রহণ এবং দৈনিক মজুরি ভিত্তিক কর্মচারীগণের সরাসরি কাজ হতে অব্যাহতি প্রদান করা হবে।

সভাপতি মহোদয় আরো বলেন, দ্রুত ওয়ার্ড কার্যালয় সচল করে নাগরিক সেবা প্রদান প্রধান লক্ষ্য এবং কোন কাউন্সিলরের অনুপস্থিতিতে তিনি নাগরিক সেবার আওতায় যে সমস্ত সনদ জরুরী প্রয়োজন সেগুলো তিনি স্বাক্ষর করে দিবেন।

এছাড়া অত্র কর্পোরেশনের দৈনিক মজুরি ভিত্তিক কর্মচারী অপ্রয়োজনীয় জনবল অপসারণপূর্বক পর্যায়ক্রমে যৌক্তিককরণ করা হবে। রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রনাধীন ৩০ টি ওয়ার্ড কার্যালয় স্থানান্তর সংক্রান্ত প্রতিবেদন দাখিলের জন্য সভায় উপস্থিত সকল অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ওয়ার্ড সচিব এর সমন্বয়ে হিসাবরক্ষণ কর্মকর্তা ও সম্পত্তি কর্মকর্তা (ভারপ্রাপ্ত)কে দায়িত্ব প্রদান করেন।

| ক্রঃ নং | ওয়ার্ড নং | বর্তমান কর্যালয় ভাড়া | পরিবর্তিত কর্যালয় ভাড়া | অফিস ব্যাবস্থাপনা ভাতা (বিদুৎ বিল ও ষ্টশনারি) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | ১ নং ওয়ার্ড | ৮,০০০/- | পরিবর্তন হবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | সুবিধাজনক অবস্থানে কর্যালয় খোজা হচ্ছে। |
| ২। | ২নং ওয়ার্ড | ৮,০০০/- | বিদ্যমান থাকবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | পূর্বের অবস্থানে বহাল |
| ৩। | ৩ নং ওয়ার্ড | ৮,০০০/- | নতুন ভাবে ভাড়া নিতে হবে। | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | বিদ্যমান ভাড়ায় কার্যালয় পাওয়া কষ্টকর বলে ওয়ার্ড সচিব জানিয়েছেন। |
| ৪। | ৪ নং ওয়ার্ড | ৮,০০০/- | বিদ্যমান থাকবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | পূর্বের অবস্থানে বহাল |
| ৫। | ৫নং ওয়ার্ড | ৮,০০০/ | বিদ্যমান থাকবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | পূর্বের অবস্থানে বহাল |
| ৬। | ৬নং ওয়ার্ড | ৮,০০০/- | বিদ্যমান থাকবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | পূর্বের অবস্থানে বহাল |
| ৭। | ৭নং ওয়ার্ড | ৮,০০০/- | বিদ্যমান থাকবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | পূর্বের অবস্থানে বহাল |
| ৮। | ৮নং ওয়ার্ড | ৮,০০০/- | পরিবর্তন হবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | বিদ্যমান ভাড়ায় কার্যালয় পাওয়া কষ্টকর বলে ওয়ার্ড সচিব জানিয়েছেন। |

| ক্রঃ নং | ওয়ার্ড নং | বর্তমান কর্যালয় ভাড়া | পরিবর্তিত কর্যালয় ভাড়া | অফিস ব্যাবস্থাপনা ভাতা (বিদুৎ বিল ও ষ্টশনারি) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৯। | ৯নং ওয়ার্ড | ৮,০০০/- | পরিবর্তন হবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | বিদ্যমান ভাড়ায় কার্যালয় পাওয়া কষ্টকর বলে ওয়ার্ড সচিব জানিয়েছেন। |
| ১০। | ১০নং ওয়ার্ড | ৮,০০০/- | বিদ্যমান থাকবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | পূর্বের অবস্থানে বহাল |
| ১১। | ১১নং ওয়ার্ড | ৮,০০০/- | বিদ্যমান থাকবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | পূর্বের অবস্থানে বহাল |
| ১২। | ১২নং ওয়ার্ড | ৮,০০০/- | রাসিকের ক্লাস্টার অফিস | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | কার্যালয় ভাড়া লাগবে না। |
| ১৩। | ১৩নং ওয়ার্ড | ৮,০০০/- | পরিবর্তন হবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | সুবিধাজনক অবস্থানে কর্যালয় খোজা হচ্ছে। |
| ১৪। | ১৪নং ওয়ার্ড | ৮,০০০/- | বিদ্যমান থাকবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | পূর্বের অবস্থানে বহাল |
| ১৫। | ১৫ নং ওয়ার্ড | ৮,০০০/- | বিদ্যমান থাকবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | পূর্বের অবস্থানে বহাল |
| ১৬। | ১৬নং ওয়ার্ড | ৮,০০০/- | বিদ্যমান থাকবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | পূর্বের অবস্থানে বহাল |
| ১৭। | ১৭ নং ওয়ার্ড | ৮,০০০/- | বিদ্যমান থাকবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | পূর্বের অবস্থানে বহাল |
| ১৮। | ১৮নং ওয়ার্ড | ৮,০০০/- | পরিবর্তন হবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | সুবিধাজনক অবস্থানে কর্যালয় খোজা হচ্ছে। |
| ১৯। | ১৯নং ওয়ার্ড | ৮,০০০/- | পরিবর্তন হবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | সুবিধাজনক অবস্থানে কর্যালয় খোজা হচ্ছে। |
| ২০। | ২০নং ওয়ার্ড | ৮,০০০/- | বিদ্যমান থাকবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | পূর্বের অবস্থানে বহাল |
| ২১। | ২১নং ওয়ার্ড | ৮,০০০/- | বিদ্যমান থাকবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | পূর্বের অবস্থানে বহাল |
| ২২। | ২২নং ওয়ার্ড | ৮,০০০/- | বিদ্যমান থাকবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | পূর্বের অবস্থানে বহাল |
| ২৩। | ২৩নং ওয়ার্ড | ৮,০০০/- | বিদ্যমান থাকবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | পূর্বের অবস্থানে বহাল |
| ২৪। | ২৪নং ওয়ার্ড | ৮,০০০/- | বিদ্যমান থাকবে | ৪,০০০/- টাকা বিদ্যমান থাকবে | পূর্বের অবস্থানে বহাল |
| ২৫। | ২৫নং ওয়ার্ড | ৮,০০০/- | বিদ্যমান থাকবে | ৪,০০০/-টাকা বিদ্যমান থাকবে | পূর্বের অবস্থানে বহাল |
| ২৬। | ২৬নং ওয়ার্ড | ৮,০০০/- | রাসিকের নগর স্বাস্থ্য কেন্দ্র | ৪,০০০/-টাকা বিদ্যমান থাকবে | কার্যালয় ভাড়া লাগবে না। |
| ২৭। | ২৭নং ওয়ার্ড | ৮,০০০/- | বিদ্যমান থাকবে | টাকা বিদ্যমান থাকবে | পূর্বের অবস্থানে বহাল |
| ২৮। | ২৮নং ওয়ার্ড | ৮,০০০/- | বিদ্যমান থাকবে | টাকা বিদ্যমান থাকবে | পূর্বের অবস্থানে বহাল |
| ২৯। | ২৯নং ওয়ার্ড | ৮,০০০/- | রাসিকের সিডিসি ক্লাস্টার অফিস | টাকা বিদ্যমান থাকবে | কার্যালয় ভাড়া লাগবে না। |

| ক্রঃ নং | ওয়ার্ড নং | বর্তমান কর্যালয় ভাড়া | পরিবর্তিত কর্যলিয় ভাড়া | অফিস ব্যাবস্থাপনা ভাতা (বিদুৎ বিল ও ষ্টশনারি) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩০। | ৩০নং ওয়ার্ড | ৮,০০০/- | রাসিকের সিডিসি ক্লাস্টার অফিস | টাকা বিদ্যমান থাকবে | কার্যালয় ভাড়া লাগবে না। |

মোট ৩০(ত্রিশ) টি ওয়ার্ড কর্যালয়ের এর মধ্যে ১৮(আঠারো)টি (ওয়ার্ড নং-২, ৪, ৫, ৬, ৭, ১০, ১১, ১৪, ১৫, ১৬, ১৭, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৭,) অপরিবর্তিত থাকিবে। এছাড়া ওয়ার্ড নং ১২, ২৬, ২৯, ৩০ রাসিকের নিজস্ব স্থাপনায় কার্যালয় স্থানান্তর হবে। এবং ওয়ার্ড ১, ৩, ৮, ১৩, ১৮, ১৯, ২৮ নং ওয়ার্ডে সুবিধাজনক অবস্থানে কার্যালয় স্থানান্তর হবে বলে ওয়ার্ড সচিবগন জানিয়েছেন। উল্লেখ্য ওয়ার্ড সচিবগণ তার নিজ নিজ দায়িত্ব প্রাপ্ত কাউন্সিলরের মাধ্যমে ৩০০ টাকার স্টাম্পে ভাড়া চুক্তি করে ভাড়া প্রদানকারীর নাম, ঠিকানা, হোল্ডিং নং ও তার ব্যাংক হিসাব নম্বর উল্লেখ করে সচিবালয় বিভাগে জমা প্রদান করবেন। এছাড়া অফিস ব্যবস্থাপনা বাবদ ৪,০০০/- টাকার মধ্যে বিদ্যুৎ বিল ও স্টেশনারী সীমাবদ্ধ থাকবে এ বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত-ক ঃ** বিস্তারিত আলোচনান্তে, ৩০(ত্রিশ) টি ওয়ার্ড কর্যালয়ের এর মধ্যে ১৮(আঠারো) টি (ওয়ার্ড নং-২, ৪, ৫, ৬, ৭, ১০, ১১, ১৪, ১৫, ১৬, ১৭, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৭,) অপরিবর্তিত থাকিবে। এছাড়া ওয়ার্ড নং ১২, ২৬, ২৯, ৩০ রাসিকের নিজস্ব স্থাপনায় কার্যালয় স্থানান্তর হবে। এবং ওয়ার্ড ১, ৩, ৮, ১৩, ১৮, ১৯, ২৮ নং ওয়ার্ডে সুবিধাজনক অবস্থানে কার্যালয় স্থানান্তর হবে। উল্লেখ্য ওয়ার্ড সচিবগণ তার নিজ নিজ দায়িত্ব প্রাপ্ত কাউন্সিলরের মাধ্যমে ৩০০ টাকার স্টাম্পে ভাড়া চুক্তি করে ভাড়া প্রদানকারীর নাম, ঠিকানা, হোল্ডিং নং ও তার ব্যাংক হিসাব নম্বর উল্লেখ করে সচিবালয় বিভাগে জমা প্রদান করবেন। এছাড়া অফিস ব্যবস্থাপনা বাবদ ৪,০০০/- টাকার মধ্যে বিদ্যুৎ বিল ও স্টেশনারী সীমাবদ্ধ এর বিষয়ে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ-খ ঃ** ওয়ার্ড কার্যালয়ের পরিচ্ছন্ন কার্যক্রম পরিচালনার জন্য জরুরী ব্যয় অনুমোদন প্রসঙ্গে।

**আলোচনা ঃ** সভাপতির অনুমতিক্রমে প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, মহানগরীর ৩০ (ত্রিশ) টি ওয়ার্ডের পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে ওয়ার্ড প্রতি বরাদ্দ : ডালি, কোদাল, ড্রেনকাটা, ব্লিচিংপাউডার, ব্রাশ, ভ্যানের খুচরা যন্ত্রাংশ, বডি মেরামত, ঝাটার খিল ইত্যাদি ক্রয় বাবদ ১০,০০০.০০ (দশ হাজার) টাকা অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ওয়ার্ড সচিবগণের মাধ্যমে খরচ হবে ২৯ (উনত্রিশ)টি ওয়ার্ডে। তাছাড়া ১২ নম্বর ওয়ার্ডের জন্য এসংক্রান্ত ক্রয় বাবদ ১৫,০০০.০০ (পনের হাজার) টাকা বরাদ্দ করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনায় সভায় একমত পোষণ করা হয়।

**সিদ্ধান্ত-খ ঃ** মহানগরীর ৩০ (ত্রিশ)টি ওয়ার্ডের পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে ওয়ার্ড প্রতি বরাদ্দ : ডালি, কোদাল, ড্রেনকাটা, ব্লিচিংপাউডার, ব্রাশ, ভ্যানের খুচরা যন্ত্রাংশ, বডি মেরামত, ঝাটার খিল ইত্যাদি ক্রয় বাবদ ১০,০০০.০০ (দশ হাজার) টাকা অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক/ওয়ার্ড সচিবগণের মাধ্যমে খরচ হবে ২৯ (উনত্রিশ)টি ওয়ার্ডে এবং ১২ নম্বর ওয়ার্ডের জন্য এসংক্রান্ত ক্রয় বাবদ ১৫,০০০.০০ (পনের হাজার) টাকা বরাদ্দ এর বিষয়ে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর)
প্রশাসক
রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নং: ৪৬.১২.০০০০.০০৩.১৭.১১৪.২৪. তারিখ: আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ/ অক্টোবর ২০২৪
খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, রাজশাহী।
৩। অতিরিক্ত পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী।

৪। উপব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ওয়াসা), রাজশাহী।

৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
৬। মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলি-কমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল),রাজশাহী।
৭। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, রাজশাহী।
৯। পরিচালক, স্বাস্থ্য, রাজশাহী বিভাগ।
১০। নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
১১। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, রাজশাহী।
১২। উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী।
১৩। সহকারী বন সংরক্ষক, সামাজিক বন বিভাগ, রাজশাহী।
১৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা/প্রাথমিক শিক্ষা, রাজশাহী।
১৫। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ ও প্রশাসক, রাজশাহী সিটি কর্পোরেশনের একান্ত সচিব (বিভাগীয় কমিশনার ও প্রশাসক, রাজশাহী সিটি কর্পোরেশন এঁর সদয় অবগতির জন্য)।
১৬। বিভাগীয় প্রধান ..............................................................................(সকল), রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
১৭। ..............................................................................................., রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
১৮। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)
১৯। সচিব মহোদয়ের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)
২০। ............................................................................................................, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
২১। অফিস নথি।

(ড. এ.বি.এম শরীফ উদ্দিন)
প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন